**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**26 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==================================================================

বিটিসি পরিষদীয় নির্বাচনের ভোটগনণা আজ সকাল ৮ টা থেকে শুরু হবে । ৪০ টি পরিষদীয় আসনের জন্য অনুষ্ঠেয় এই ভোটগণনা প্রক্রিয়া শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য বিটিআরের জেলাগুলির প্রশাসন যাবতীয় প্রস্তুতি নিয়েছে । প্রশাসনের স্থাপন করা ষ্ট্রংরুমগুলিতে বেলট বাক্সগুলি কঠোর নিরাপত্তা ব্যবস্থার মধ্যে রাখা হয়েছে । এই ভোটগণনার মাধ্যমে ৩১৬ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করা হবে । উল্লেখ্য গত ২২ শে সেপ্টেম্বর বিটিসি পরিষদীয় নির্বাচনের ভোটগ্রহণে ৭৮ দশমিক ৪-২ শতাংশ লোক ভোটদান করেছিলেন ।

---

রাজ্য সরকারের গঠন করা বিশেষ অনুসন্ধানকারী গোষ্ঠি এস আই টির একটি দল সদ্য প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার তদন্তের জন্য গতকাল নর্থ ইষ্ট ফেষ্টিভেলের আয়োজক শ্যামকানু মহন্তের গুয়াহাটী গীতানগরের বাসভবনে প্রাথমিক তদন্ত চালায় । এস আই টি দলটি জুবিন গার্গের সহযোগি শেখর

গোস্বামীর বাসগৃহে গিয়েও প্রাথমিক তথ্য করে । সি আই ডি জুবিন গার্গের ম্যানেজার সিদ্ধার্থ শর্মার বাসগৃহেও অভিযান চালায় । এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা প্রয়াত শিল্পীর সাথে সংগঠিত দূর্ভাগ্যজনিত ঘটনার সঙ্গে জড়িত যেকোন বিশ্বাসযোগ্য তথ্য কারোর হাতে থাকলে তা সি আই ডির কাছে প্রেরণ করতে আহ্বান জানিয়েছেন । এই ধরণের তথ্য digp-cid@assampolice.gov.in এ মেইলের মাধ্যমে পাঠানো যাবে ।

---

সখী এক্সপ্রেস কেবল গ্রামীন ক্ষমতায়নকে তরান্বিত করবে না , এটি সরকার প্রদত্ত পরিষেবাকে সর্বশেষ প্রান্তে পৌছে দিতেও সাহায্য করবে বলে রাজ্যের খাদ্য ,সরবরাহ ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই মন্তব্য করেছেন । গতকাল কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচর ইটখলার বিবেকানন্দ মেমোরিয়াল প্রেক্ষাগৃহে আয়োজিত স্কুটি বিতরন কার্য্যসূচীতে অংশগ্রহন করে মন্ত্রী শ্রী রাই একথা বলেন । অসম রাজ্য গ্রামীন জীবিকা মিশনের সখী এক্সপ্রেস প্রকল্পের আওতায় মোট ৩শ ৬৭টি কমিউনিটি ক্যাডারকে স্কুটি প্রদান করা হয়েছে । অনুষ্ঠানে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তীও বক্তব্য রাখেন ।

---

বিশ্ব ঐতিহ্য কাজিরঙ্গা জাতীয় উদ্যোন আগামীকাল থেকে পর্য্যটকদের জন্য খোলে দেওয়া হবে । জাতীয় উদ্যানের বাগরী বনাঞ্চলের আগামীকাল সকাল সাড়ে সাতটা থেকে জীপ সাফারী আরম্ভ হবে । জাতীয় উদ্যোন খোলার অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী , অতুল বরা , অজন্তা নেওগ , কেশব মহন্ত , সাংসদ কামাখ্যা প্রসাদ দাসা প্রমূখ উপস্থিত থাকবেন ।

জাতীয় উদ্যোন কর্তৃপক্ষ দূর্গা পূজার সময় পর্য্যটকদের সুবিধার কথা বিবেচনা করে এই সিদ্ধান্ত নিয়েছে । কাজিরঙ্গার কহরা বনাঞ্চল আগামী অক্টোবর মাসের দ্বিতীয় সপ্তাহে এবং হাতী সাফারী পয়লা নভেম্বর থেকে শুরু হবে বলে জানানো হয়েছে ।

---

উত্তরপূর্ব সীমান্ত রেল যাত্রীদের সুবিধার্থে সাইরাং - কলকাতা এক্সপ্রেস ট্রেনটি লালা বাজার এবং জামিরা ষ্টেশনে ষ্টপেজ দেওয়ার ব্যবস্থা করেছে । গতকাল লালা বাজার রেল ষ্টেশনে লামডিং থেকে আগত রেলের ডেপুটি কমার্শিয়েল ম্যানেজার সবুজ পতাকা নেড়ে ট্রেনটির যাত্রা করেন । এ উপলক্ষে রেল বিভাগের ব্যবস্থাপনায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে রেলের কর্মকর্তা ছাড়াও হাইলাকান্দির বিধায়ক জাকির হুসেন , রেলযাত্রী অধিকার সুরক্ষা সমিতির সভাপতি এবং আলগাপুর স্টেশন ডিমান্ড কমিটির মুখ্য আহ্বায়ক আব্দুল রহিম লস্কর প্রমুখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে আলগাপুর ষ্টেশনে রাজধানী এক্সপ্রেস ছাড়াও অন্যান্য দূরপাল্লার ট্রেনের ষ্টপেজ দেওয়া , শিলচর ভৈরবী রুটে এক জোড়া যাত্রীবাহী বিশেষ ট্রেন চালানোর দাবী সম্মিলিত স্মারকপত্র কমার্শিয়েল ম্যানেজারের হাতে তুলে দেওয়া হয় ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আসন্ন দূর্গা পূজায় রাজ্য সরকারের পক্ষ থেকে প্রদান করা আর্থিক অনুদান গতকাল পূজা কমিটির কর্মকর্তাদের হাতে তুলে দেওয়া হয়েছে । শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাগৃহে

আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দীপায়ন চক্রবর্তী ও জেলা আয়ুক্ত মৃদুল যাদব একশটি পূজা কমিটির হাতে দশ হাজার টাকা করে চেক তুলে দিয়েছেন । উল্লেখ্য কাছাড় জেলার এক হাজার ৮১টি পূজা কমিটিকে এবছর রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন শারদীয়া দূর্গা পূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য পুলিশ প্রশাসনের পক্ষ থেকে যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছু নির্দেশিকা জানিয়ে দেওয়া হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে আগামী ২৯শে সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্য্যন্ত প্রতিদিন দুপুর দুটো থেকে শ্রীভূমি শহরে কোন ধরনের বানিজ্যিক যানবাহন প্রবেশ করতে পারবে না । পাশাপাশি ভারী , মধ্যম ও হালকা যাত্রী ও পণ্যবাহী যান শহরের উপকণ্ঠে রাস্তার পাশে বা পূজা মন্ডপের সম্মুখে রাখতে নিষেধ করা হয়েছে । বদরপুরের দিক থেকে আসা সব ধরনের যান বাহন শ্রীভূমি বাইপাস দিয়ে পোয়ামারা , কানিশাইল পর্য্যন্ত চলাফেরা করতে পারবে । লক্ষীবাজারের দিক থেকে আসা যানবাহন সেন্ট্রাল ব্যাঙ্ক পর্য্যন্ত , ফকিরা বাজারের দিক থেকে আসা যানবাহন মাইজডিহি জিয়া টিম্বার এবং কর্ণমধুর দিক থেকে আসা যানবাহন লঙ্গাই সেতু পর্য্যন্ত চলাচল করবে । তবে বিশেষভাবে সক্ষম ব্যাক্তি ,বয়স্ক ব্যাক্তি ও রোগীরা ছোট গাড়ি নিয়ে শহরে প্রবেশ করতে পারবেন । যেকোন ধরনের অভিযোগ জানাতে পুলিশ কন্ট্রল রুম ৮০৯৯৬৬২২৭৫ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শিলচর লোক নির্মান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে শিলচর মেডিকেল কলেজ রোডের একটি অংশ সাময়িকভাবে বন্ধ

থাকবে । বিজ্ঞপ্তী বলা হয়েছে যে মেহেরপুরের বেলতলা পয়েন্ট থেকে ঘুংঘুর দূর্গাপল্লী পর্য্যন্ত সড়ক আজ ও আগামীকাল রাত ৯টা থেকে সকাল ৬টা পর্য্যন্ত বন্ধ থাকবে । এই সময়ে সড়কের অন্য দিকের অংশে যান চলাচল স্বাভাবিক থাকবে বলে জানানো হয়েছে ।